

সভাপতি : মোঃ ইসাহাক আলী  
উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, দিনাজপুর।  
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, ফুলবাড়ী, দিনাজপুর।  
সভার তারিখ : ১৪/০৭/২০২৫ খ্রি:  
সময় : বেলা ১.১৫ ঘটিকা।  
উপস্থিতি : পরিশিষ্ট “ক”

অদ্যকার সভার সভাপতি উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকল সদ্যসকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য-সচিব পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২) আলোচ্য সূচীঃ

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১ জুন/২০২৫ খ্রিঃ মাসে কোন ইউনিয়ন থেকে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির কার্যবিবরণী পাওয়া যায়নি।	ইউনিয়ন নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা নিয়মিত ভাবে করে সভার কার্যবিবরণী যথাসময়ে উপজেলা কমিটিতে প্রেরণ নিশ্চিত করতে হবে।	ইউনিয়ন চেয়ারম্যান (সকল), ফুলবাড়ী, দিনাজপুর।
২.২ থানা থেকে প্রাপ্ত জুন/২০২৫ ইং মাসের রিপোর্টে দেখা যায় আলোচ্য মাসে থানায় নারী ও শিশু নির্যাতন দমন আইনে ২টি মামলা দায়ের হয়েছে। (১) মামলা নং-০৬/৯১, তাং-১০/০৬/২৫, ধারা- নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০০ (সংশোধিত-২০২০)এর ৭/৯(১)/৩০, মামলার সংক্ষিপ্ত বিবরণ: জোরপূর্বক অপহরণ করিয়া ধর্ষণ করা অপরাধ, মামলার সর্বশেষ অবস্থা: তদন্তাধীন। (২) মামলা নং-১৮/১২০, তাং-২০/০৬/২৫, ধারা- ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন আইনের (সংশোধিত-২০০৩)এর ৭/৩০, মামলার সংক্ষিপ্ত বিবরণ: জোরপূর্বক অপহরণ সহায়তা করার অপরাধ, মামলার সর্বশেষ অবস্থা: তদন্তাধীন।	থানায় দায়েরকৃত মামলাগুলি যথাযথভাবে তদন্ত করে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। অফিসার ইন-চার্জ, ফুলবাড়ী থানা, দিনাজপুর।
২.৩ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, আলোচ্য জুন/২০২৫ ইং মাসে মাসে উপজেলা নারী নির্যাতন প্রতিরোধ সেলে কোন আবেদন পাওয়া যায় নাই। জুন/২০২৫ মাসে বাল্যবিবাহ হচ্ছে এমন তথ্য পাওয়া যায় নাই। ইভটিজিং সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায় নাই। বাল্যবিবাহ ও ইভটিজিং প্রতিরোধে এলাকার সকল শ্রেণীর মানুষের সহযোগিতার প্রয়োজন। এ বিষয়ে ব্যাপক প্রচার অব্যাহত রাখার জন্য কমিটির সকলকে বিভিন্ন সভা সমাবেশে বাল্যবিবাহ ও ইভটিজিংকে নিরন্তর সাহিত করে বক্তব্য প্রদান করতে অনুরোধ করেন।	১। সেলের ব্যাপক প্রচার করতে এবং সেলে প্রাপ্ত আবেদনসমূহ যথাযথ গুরুত্ব ও আন্তরিকতার সাথে বিবেচনা করতে হবে। ২। ইভটিজিং এর কোন ঘটনা ঘটলে দ্রুত মোবাইল কোর্টের মাধ্যমে বিচারের ব্যবস্থা করতে হবে। ৩। নিয়মিত ভাবে বাল্য বিবাহ ও ইভটিজিং প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিমূলক উদ্বুদ্ধকরণ সভা/সেমিনার/উঠান বৈঠক করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার। ২। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা। ৩। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী। ৪। ইউনিয়ন চেয়ারম্যান (সকল), ফুলবাড়ী, দিনাজপুর। ৫। এনজিও প্রতিনিধি
২.৪ সভাপতি, নারী ও শিশুর প্রতি সব ধরনের সহিংসতা প্রতিরোধ ও হয়রানী বন্ধ করার জন্য পুলিশ বিভাগসহ সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার পরামর্শ প্রদান করেন।	নারী ও শিশু নির্যাতনের মত জঘন্যতম অপরাধের দৃষ্টান্তমূলক শাস্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। নারী ও শিশু যেন হয়রানীর স্বীকার না হয় সে বিষয়ে সচেতন থাকতে হবে।	১। অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা। ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী।
২.৫ বিবিধতে আর কোন আলোচনা উত্থাপিত হয় নাই।	----	----

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ ইসাহাক আলী)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি 

“উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি”

ফুলবাড়ী, দিনাজপুর।